

42

ইসলামী বিশ্ববিদ্যালয়

৩টি বিভাগে আসন শূন্য ভর্তির জন্য দরখাস্ত আহ্বান

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়ের
১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ
স্নাতক (সম্মান) শ্রেণীর মেধা এবং
অপেক্ষমান তালিকার ভর্তি কার্যক্রম
শেষ হইবার পরও তিনটি বিভাগে
কিছু আসন শূন্য থাকায় কর্তৃপক্ষ
ছাত্র-ছাত্রীদের নিকট হইতে
পুনরায় দরখাস্ত আহ্বান করিয়াছে।
বিভাগ তিনটি হইতেছে 'গ' ইউ-
নিটের অধীনে অর্থনীতি এবং
রাষ্ট্রনীতি ও লোক প্রশাসন এবং
'ঘ' ইউনিটের অধীনে আরবী
ভাষা ও সাহিত্য। গত ৩০ জুলাই
রেজিষ্টার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে
একথা জানানো হইয়াছে।

বিজ্ঞপ্তিতে ভর্তিছু ছাত্র-
ছাত্রীদের আগামী ৭ আগস্টের
মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের
নিকট আবেদনের মাধ্যমে প্রকা-
শিত নূতন অপেক্ষমাণ তালিকার
মেধাক্রম অনুসারে ভর্তি হইতে
বলা হইয়াছে।